

# অতি সহজ উপায়ে কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবি MOM-এ রুজু করা

শুনুন ভাই, আপনার বস কি আপনার কর্মক্ষেত্রে প্রাপ্ত দুর্ঘটনার বিষয়ে MOM-কে অবহিত করেছেন?

না ভাই, কিন্তু আমি আমার কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের জন্য ক্ষতিপূরণ দাবি করতে চাই। আমি শুনেছি যে, আইনজীবী এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ আছে যারা আমাকে সাহায্য করতে পারবেন। আমার কি তাদের কাছে যাওয়া উচিত?

কেন আপনি তাদের কাছে যাবেন, যেখানে আপনি সরাসরি MOM-এ যেতে পারেন?

আমার নিজের পক্ষে নিজের ক্ষতিপূরণ দাবি রুজু করা কঠিন হবে কিনা সেই ব্যাপারে আমি ততটা নিশ্চিত নই।

এ ব্যাপারে সাহায্যের জন্য আমাকে কি MOM-কে অর্থ প্রদান করতে হবে?

চিন্তা করবেন না- MOM-এ কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবি রুজু করা অতি সহজ! শুধুমাত্র আপনার যোগাযোগের বিবরণ, নিয়োগকর্তার নাম এবং দুর্ঘটনার সঠিক তারিখ MOM-কে দিতে হবে।

না, MOM-এ কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবি বিনা খরচে রুজু করা যায়। এছাড়াও তাদের দোভাষীরা (বাংলা ভাষা) রয়েছে যারা আপনার ক্ষতিপূরণ দাবির ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারে।

ঠিক আছে, তাহলে আমি এখনই MOM-এ যাব।

যদি আপনি আহত হন এবং কর্মক্ষেত্রে আহত ক্ষতিপূরণ দাবির জন্য সহায়তা চান, তাহলে এ ব্যাপারে MOM আপনাকে অবশ্যই সাহায্য করবে। কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবি মামলা অধিকাংশেরই সমাধান ৩ থেকে ৬ মাসের মধ্যে হয়ে থাকে। মারাত্মক আঘাতপ্রাপ্ত কর্মীদের ক্ষেত্রে, আরোও বেশি সময়ের প্রয়োজন হতে পারে।

আমাদের ঠিকানা, MOM Services Centre, 1500 Bendemeer Road, Singapore 339946  
 অফিসের সময়সূচী: সোমবার (Monday) থেকে শুক্রবার (Friday)  
 কার্যকাল, 8.00am to 5.30pm  
 ওয়েবসাইট: <http://www.mom.gov.sg/wic>